# ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট

## গ্রিড

| বিষয় | | সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | ১৪শ | ১৫শ | |
| গুচ্ছ ১ | পদার্থবিজ্ঞান/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/ লঘু সংগীত | ১ | ২ | | ৩ | | ৪ | ৫ | | ৬ | ৭ | | ৮ | ৯ | | ১০ | ১০ |
| গুচ্ছ ২ | জীববিজ্ঞান/ উচ্চতর গণিত/ সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/ ভূগোল/ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন /আরবি/ গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন | | ১ | ২ | | ৩ | ৪ | | ৫ | | ৬ | ৭ | ৮ | | ৯ | ১০ | ১০ |
| গুচ্ছ ৩ | রসায়ন/ অর্থনীতি/ পৌরনীতি ও সুশাসন/ যুক্তিবিদ্যা/ হিসাববিজ্ঞান/ খাদ্য ও পুষ্টি/ উচ্চাঙ্গ সংগীত | ১ | | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | | ৮ | | ৯ | ১০ | | ১০ |
| | মোট | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৩০ |

বিশেষ দ্রষ্টব্য:

একজন শিক্ষার্থীকে শাখাভিত্তিক ৩টি আবশ্যিক বিষয়ের জন্য ৩০টি অ্যাসাইনমেন্ট তৈরি করে জমা দিতে হবে। ঐচ্ছিক বিষয়ের জন্য কোনো অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে না। উল্লেখ্য, সংগীত শাখার শিক্ষার্থীকে ১ম, ৭ম ও ১৩শ সপ্তাহে ৩টি করে অ্যাসাইনমেন্ট তৈরি করতে হবে।

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থবিজ্ঞান পত্র: দ্বিতীয় বিষয় কোড: ১৭৫ স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>তৃতীয় অধ্যায়<br>অধ্যায় শিরোনাম: চল তড়িৎ | (see below) | (see below) | (see below) | (see below) | |

**অ্যাসাইনমেন্ট**

শিরোনাম: বর্তনীতে তড়িৎ প্রবাহের ক্ষেত্রে বর্তনীর উপাদানগুলোর ভূমিকা বিশ্লেষণ





Fig-1

(ক) Fig-1 এর বর্তনীতে কার্শফের সূত্র ২টি কীরূপ হবে চিত্রসহ দেখাও।

(খ) $V_1$ ব্যাটারির প্রান্ত পরিবর্তন করে সংযোগ দিলে তড়িৎ প্রবাহের কীরূপ পরিবর্তন হবে চিত্র এঁকে দেখাও।

এবার আরেকটি বর্তনী নিয়ে চিন্তা করা যাক। । মনেকরো, বর্তনীতে একটি বাল্ব ২টি ব্যাটারির সাথে সংযুক্ত রয়েছে। ব্যাটারি ২ টির তড়িচ্চালক বলের মান 12V, এদের অভ্যন্তরীণ রোধ $0.5\Omega$, বর্তনীর বহিস্থ রোধ $4.5\ \Omega$

(গ) বর্তনীটিতে ব্যাটারির শ্রেণি সংযোগের ক্ষেত্রে তড়িৎ প্রবাহ নির্ণয় করো।

(ঘ) বর্তনীর বাল্বটির অভ্যন্তরীণ রোধ $r$ হলে ব্যাটারির শ্রেণি ও সমান্তরাল সমবায়ের কোন ক্ষেত্রে বাল্বটি বেশি উজ্জ্বল হবে?

(ঙ) কোন শর্তে ব্যাটারির দুই রকম সমবায়ের ক্ষেত্রেই বাল্বটি একই রকম উজ্জ্বলতা দিবে?

(চ) যদি প্রবাহমাত্রা 25% হ্রাস পায় বাতিটির উজ্জ্বলতা শতকরা কত অংশ হ্রাস পাবে?

**শিখনফল/ বিষয়বস্তু**

- কোষের অভ্যন্তরীণ রোধ এবং তড়িচ্চালক বলের গাণিতিক সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে
- বর্তনীতে কোষের শ্রেণি ও সমান্তরাল সমন্বয় সংযোগ ব্যাখ্যা করতে পারবে
- কার্শফের সূত্র ব্যবহার করে বর্তনীর তড়িৎ প্রবাহ ও বিভব পার্থক্য নির্ণয় করতে পারবে

**নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)**

- (ক) এর সমাধানের ক্ষেত্রে রোধের সমবায় ও X ও Y জাংশন বিন্দু ব্যবহার করতে হবে এবং চিত্র এঁকে নিতে হবে
- (খ) এর ক্ষেত্রে রোধের সমবায় করে নিতে হবে

**মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|
| (ক) চিত্রসহ কার্শফের সূত্র বর্ণনা ও গাণিতিক প্রকাশ | প্রয়োজনীয় চিত্রসহ কার্শফের সূত্র দুটির বর্ণনা ও গাণিতিক প্রকাশ উপস্থাপন | কার্শফের সূত্র দুটির বর্ণনা ও গাণিতিক প্রকাশ উপস্থাপন | কার্শফের একটি সূত্রের প্রয়োজনীয় চিত্রসহ গাণিতিক প্রকাশ উপস্থাপন | |
| (খ) চিত্রসহ তড়িৎ প্রবাহের দিক উল্লেখ | - | সঠিক চিত্রসহ তড়িৎ প্রবাহের দিক নির্দেশ | শুধু ধারণা উপস্থাপন | |
| (গ) চিত্রসহ তড়িৎ প্রবাহের পরিমাপ | প্রয়োজনীয় চিত্রসহ তড়িৎ প্রবাহের মান ও দিক নির্ণয় | তড়িৎ প্রবাহের মান নির্ণয় | শুধু ধারণা উপস্থাপন অথবা শুধু সূত্র উপস্থাপন | |
| (ঘ) শ্রেণি ও সমান্তরাল সমবায়ের ক্ষেত্রে প্রয়োজনীয় মান নির্ণয় করে তুলনা | প্রয়োজনীয় মান নির্ণয় ও তুলনা উপস্থাপন | প্রয়োজনীয় সূত্রসহ মান নির্ণয় অথবা মান নির্ণয়ের ধারণা প্রদান ও তুলনা উপস্থাপন | শুধু মান নির্ণয়ের ধারণা প্রদান অথবা শুধু তুলনা উপস্থাপন | |
| (ঙ) একই রকম উজ্জ্বলতার শর্ত নির্ণয় | প্রয়োজনীয় মান নির্ণয় ও ব্যাখ্যাসহ শর্ত নির্ণয় | ব্যাখ্যাসহ শর্ত নির্ণয় | শুধু শর্ত উপস্থাপন | |
| (চ) বাতিটির উজ্জ্বলতার শতকরা কত ভাগ হ্রাস হলো তা পরিমাপ | - | সঠিক মান নির্ণয় | শুধু সূত্র উপস্থাপন | |
| এই অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬ | | | মোট নম্বর: | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: ইতিহাস** **পত্র: দ্বিতীয়** **বিষয় কোড: ৩০৫** **স্তর: এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৪<br><br>দ্বিতীয় অধ্যায়: ফরাসি বিপ্লব | ফরাসি বিপ্লব সংঘটনে দার্শনিকগণের ভূমিকা | • প্রাক-বিপ্লব ফ্রান্সের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা বর্ণনা করতে পারবে।<br>• ফরাসি বিপ্লব সংঘটনে দার্শনিকগণের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।<br>• ফরাসি বিপ্লবের ঘটনাপ্রবাহ বর্ণনা করতে পারবে।<br>• বিশ্বে ফরাসি বিপ্লবের ফলাফল মূল্যায়ন করতে পারবে<br>• ফরাসি বিপ্লবের চেতনায় উদ্বুদ্ধ হবে। | • প্রাক-বিপ্লব ফ্রান্সের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা ব্যাখ্যা করতে হবে<br>• ফরাসি বিপ্লব সংঘটনে দার্শনিকগণের ভূমিকা ব্যাখ্যা করতে হবে<br>• ফরাসি বিপ্লবের ঘটনাপ্রবাহ ব্যাখ্যা করতে হবে<br>• ফরাসি জনজীবনে বিপ্লবের প্রভাব ব্যাখ্যা করতে হবে<br>• বিশ্বে ফরাসি বিপ্লবের প্রভাব ব্যাখ্যা করতে হবে | (নিচের রুব্রিক্স) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. প্রাক-বিপ্লব ফ্রান্সের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা | প্রাক-বিপ্লব ফ্রান্সের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা সঠিক বর্ণনা করলে | সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা অধিকাংশই সঠিক বর্ণনা করলে | বর্ণনা আংশিক হলে | বর্ণনা যথাযথ না হলে | |
| খ. ফরাসি বিপ্লব সংঘটনে দার্শনিকগণের লেখনীর গুরুত্ব | ফরাসি বিপ্লব সংঘটনে দার্শনিকগণের লেখনীর বিষয়বস্তুসহ গুরুত্ব ব্যাখ্যা করলে | ফরাসি বিপ্লব সংঘটনে অন্তত: তিনজন দার্শনিকের লেখনীর বিষয়বস্তুসহ গুরুত্ব ব্যাখ্যা করলে | অন্তত: দু'জন দার্শনিকের লেখনীর বিষয়বস্তুসহ গুরুত্ব ব্যাখ্যা করলে | বিষয়বস্তু বা গুরুত্ব যথাযথ না লিখলে | |
| গ. বিপ্লবের ঘটনাপ্রবাহ | বিপ্লবের ঘটনাপ্রবাহে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা চিহ্নিত করে বর্ণনা করলে | বিপ্লবের ঘটনাপ্রবাহে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা আংশিক বর্ণনা করলে | সামাজিক, রাজনৈতিক বা অর্থনৈতিক-কোনো একটি অবস্থা চিহ্নিত করে বর্ণনা করলে | সামাজিক, রাজনৈতিক বা অর্থনৈতিক অবস্থা চিহ্নিত না করে বর্ণনা করলে | |
| ঘ. ফরাসি জনজীবনে বিপ্লবের প্রভাব | ফরাসি জনজীবনে বিপ্লবের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাব চিহ্নিত করতে পারলে | জনজীবনে বিপ্লবের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাব আংশিক প্রতিফলিত হলে | সামাজিক, রাজনৈতিক বা অর্থনৈতিক-কোনো একটি প্রভাব লিখলে | প্রভাব চিহ্নিত না না করে লিখলে | |
| ঙ. বিশ্বে ফরাসি বিপ্লবের প্রভাব | বিশ্বব্যপী মানুষের মনোজগতে ফরাসি দার্শনিকদের লেখনী ও বিপ্লব কীভাবে প্রভাব বিস্তার করেছিল-তা বর্ণনা করলে | বিশ্বব্যপী মানুষের মনোজগতে ফরাসি দার্শনিকদের লেখনী ও বিপ্লব কীভাবে প্রভাব বিস্তার করেছিল-তা কিছুটা প্রতিফলিত হলে | বিশ্বব্যপী মানুষের মনোজগতে ফরাসি দার্শনিকদের লেখনী কীভাবে প্রভাব বিস্তার করেছিল-তা বর্ণনা করলে | দার্শনিকদের লেখনী বা বিপ্লবের প্রভাব-কোনো একটি বর্ণনা করলে। | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর : ২০ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৩-১৫ | উত্তম |
| ০৯-১২ | ভালো |
| ০-০৮ | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি পত্র: দ্বিতীয় বিষয় কোড : ২৬৮ স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৪.<br><br>পঞ্চম অধ্যায়: বাংলার ইতিহাস (পাকিস্তান আমল) | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের সীমাহীন বৈষম্যমূলক আচরণের ফলেই পূর্ববাংলায় বিভিন্ন আন্দলনের সূত্রপাত ঘটেছিল এ বিষয়ে যৌক্তিকতা নিরূপণ | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের বৈষম্যমূলক আচরণ ব্যাখ্যা করতে পারবে। | ক). পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য ব্যাখ্যা<br><br>খ). পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্যের সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণ<br><br>গ). পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র পর্যালোচনা<br><br>ঘ) পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্যের ক্ষেত্রগুলো পর্যালোচনা | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক). পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য যথাযথ ব্যাখ্যা করতে পারলে | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য অধিকাংশ ব্যাখ্যা করতে পারলে | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য আংশিক ব্যাখ্যা করতে পারলে | পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের রাজনৈতিক বৈষম্য ব্যাখ্যায় সীমাবদ্ধতা আছে | |
| খ). পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্য | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্যের যথাযথ সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণ করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্যের অধিকাংশ সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণ করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্যের আংশিক সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণ করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার প্রশাসনিক ও সামরিক বৈষম্যের সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণে সীমাবদ্ধতা আছে | |
| গ). পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র যথাযথ পর্যালোচনা করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র অধিকাংশ পর্যালোচনা করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র আংশিক পর্যালোচনা করলে | পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার আর্থ-সামাজিক বৈষম্যের তুলনামূলক চিত্র পর্যালোচনায় সীমাবদ্ধতা আছে | |
| ঘ) পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্য | পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্যের ক্ষেত্রগুলো যথাযথ পর্যালোচনা করতে পারলে | পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্যের ক্ষেত্রগুলো অধিকাংশ পর্যালোচনা করতে পারলে | পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্যের ক্ষেত্রগুলো আংশিক পর্যালোচনা করলে | পূর্ব বাংলার শিক্ষা সংস্কৃতির উন্নয়নে বৈষম্যের ক্ষেত্রগুলো পর্যালোচনায় সীমাবদ্ধতা আছে | |
| | | | | মোট | |
| মোট নম্বর:১৬ | | | | | |

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৭৮ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>দ্বিতীয় অধ্যায়: ব্যবস্থাপনার নীতি | একজন আদর্শ ব্যবস্থাপকের দক্ষাতা নির্ভর করে ব্যবস্থাপনার নীতিগুলোর সঠিক প্রয়োগের উপর-কথাটির যথার্থতা মূল্যায়ন। | • ব্যবস্থাপনা নীতির ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• ব্যবস্থাপনার নীতি বা আদর্শসমূহ বর্ণনা করতে পারবে;<br>• আদর্শ ব্যবস্থাপকের দক্ষতা ব্যাখ্যা করতে পারবে | • ব্যাবস্থাপনার নীতির ধারণা ব্যাখ্যা করতে হবে<br>• ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহ ধারাবাহিকভাবে ব্যাখ্যা করতে হবে<br>• ব্যবস্থাপকের দক্ষতার সাথে নীতির প্রয়োগ বিশ্লেষণ করতে পারবে | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | সক্ষমতার মাত্রা/ নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক. ব্যবস্থাপনা নীতির ধারণা | ব্যবস্থাপনা নীতির ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবস্থাপনা নীতির ধারণার ব্যাখ্যা অধিকাংশ সঠিক হলে | ব্যবস্থাপনা নীতির ধারণার ব্যাখ্যা আংশিক সঠিক হলে | ব্যবস্থাপনা নীতির শুধু সংজ্ঞা লিখলে | |
| খ. ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহ | ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহ ধারাবাহিক ও সঠিকভাবে বর্ণনা করলে | ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহ অধিকাংশ ধারাবাহিক ও সঠিকভাবে বর্ণনা করলে | ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহ ধারাবাহিকভাবে আংশিক বর্ণনা করলে | ব্যবস্থাপনার মূলনীতি বা আদর্শসমূহের শুধু নাম উল্লেখ করলে | |
| গ. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিমালা | এফ ডব্লিউ টেইলর এর বৈজ্ঞানিক ব্যবস্থাপনার ৪টি নীতি সঠিকভাবে বর্ণনা করলে | এফ ডব্লিউ টেইলর এর বৈজ্ঞানিক ব্যবস্থাপনার ৩টি নীতি সঠিকভাবে বর্ণনা করলে | এফ ডব্লিউ টেইলর এর বৈজ্ঞানিক ব্যবস্থাপনার ২টি নীতি সঠিকভাবে বর্ণনা করলে | এফ ডব্লিউ টেইলর এর বৈজ্ঞানিক ব্যবস্থাপনার ১টি নীতি সঠিকভাবে বর্ণনা করলে | |
| ঘ. ব্যবস্থাপকের দক্ষতা বিচারে আধুনিক ব্যবস্থাপনার ও বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতি বিশ্লেষণ | বৈজ্ঞানিক ও আধুনিক ব্যবস্থাপনার নীতির সাথে ব্যবস্থাপকীয় দক্ষতার প্রয়োগ উদাহরণসহ সম্পূর্ণ বিশ্লেষণ করলে | বৈজ্ঞানিক ও আধুনিক ব্যবস্থাপনার নীতির সাথে ব্যবস্থাপকীয় দক্ষতার প্রয়োগ উদাহরণসহ আংশিক বিশ্লেষণ করলে | বৈজ্ঞানিক ও আধুনিক ব্যবস্থাপনার নীতির সাথে ব্যবস্থাপকীয় দক্ষতার প্রয়োগ উদাহরণ ব্যতীত আংশিক বিশ্লেষণ করলে | বৈজ্ঞানিক ও আধুনিক ব্যবস্থাপনার নীতির সাথে ব্যবস্থাপকীয় দক্ষতার প্রয়োগ কিভাবে হতে পারে তা লিখলে | |
| | | | | মোট | |
| **অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:১৬** | | | | | |

বি:দ্রঃ বরাদ্দকৃত নম্বর: যথাযথ/পূর্ণাঙ্গ= ৮০-১০০% সঠিক, অধিকাংশ= ৭০-৭৯% সঠিক এবং আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০১-০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ইসলাম শিক্ষা | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৫০ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর | |
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | | |
| ৪<br><br>প্রথম অধ্যায়: আল কুরআন | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ, শানেনুযুল, শিক্ষা ও 'কুরআন মাজিদ আল্লাহর বাণী' -এর সঠিকতা বিশ্লেষণ | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল জানব এবং অর্থসহ ব্যাখ্যা করতে পারব এবং উক্ত আয়াতদ্বয়ের শিক্ষা বাস্তব জীবনে প্রয়োগ করতে উৎসাহী হব | নিচের বিষয়গুলো বিবেচনায় রেখে লিখতে হবে :<br>সূরা আল বাকারার-<br>• ২৩-২৪ আয়াতের অর্থ<br>• ২৩-২৪ আয়াতের শানেনুযুল<br>• ২৩-২৪ আয়াতের শিক্ষা<br>• 'রাসূল (স) এর সর্বশ্রেষ্ঠ মুজিযা আল কুরআন'-উক্তিটির ব্যাখ্যা<br>• 'রিসালাত ও কুরআনে সন্দেহ পোষণকারীদের প্রতি চ্যালেঞ্জ' আয়াতদ্বয়ের আলোকে বিশ্লেষণ | ক. সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ অধিকাংশ ক্ষেত্রে যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ আংশিক ক্ষেত্রে যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের অর্থ অপ্রতুল লিখলে | | |
| | | | | খ. সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল অধিকাংশ ক্ষেত্রে যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল আংশিক ক্ষেত্রে যথাযথভাবে লিখলে | সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শানেনুযুল অপ্রতুল লিখলে | | |
| | | | | গ. সূরা আল বাকারার ২৩-২৪ আয়াতের শিক্ষা | ৭ টি বা তার বেশি শিক্ষা যথাযথভাবে লিখলে | ৫-৬ টি শিক্ষা যথাযথভাবে লিখলে | ৩-৪ টি শিক্ষা যথাযথভাবে লিখলে | ১-২ টি শিক্ষা লিখলে | | |
| | | | | ঘ. ' রাসূল (স) এর সর্বশ্রেষ্ঠ মুজিযা আল কুরআন'-উক্তিটির ব্যাখ্যা | উক্তিটি যথাযথভাবে ব্যাখ্যা করলে | উক্তিটি অধিকাংশ ক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করলে | উক্তিটি আংশিক ক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করলে | উক্তিটি অপ্রতুল ব্যাখ্যা করলে | | |
| | | | | ঙ. 'রিসালাত ও কুরআনে সন্দেহ পোষণকারীদের প্রতি চ্যালেঞ্জ' আয়াতদ্বয়ের আলোকে বিশ্লেষণ | যথাযথভাবে বিশ্লেষণ করলে | অধিকাংশ ক্ষেত্রে যথাযথভাবে বিশ্লেষণ করলে | আংশিক ক্ষেত্রে যথাযথভাবে বিশ্লেষণ করলে | কপি করলে বা নিজস্বতা অনুপস্থিত হলে | | |
| | | | | | | | | মোট | | |
| | | | অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০<br>বি.দ্র: ৮০% -১০০% সঠিক হলে যথাযথ, ৬০%-৭৯% সঠিক হলে অধিকাংশ, ৫০%-৫৯% সঠিক হলে আংশিক এবং ৪৯% ও এর কম সঠিক হলে অপ্রতুল। | | | | | | | |

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতিউত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: শিশুর বিকাশ    পত্র: দ্বিতীয়    বিষয় কোড: ২৯৯    স্তর: উচ্চ মাধ্যমিক

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>৫ম অধ্যায় : খেলা ও শিশুর বিকাশ | 'শুধু আনন্দ লাভই নয়, খেলা শিশুর সার্বিক বিকাশ ঘটায় এবং বয়স বাড়ার সাথে সাথে খেলার ধরনও পাল্টায়' যৌক্তিকতা মূল্যায়ন | • খেলার ধরন ব্যাখ্যা করতে পারবে।<br>• শিশুর সার্বিক বিকাশে খেলার ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।<br>• বয়সোপোযোগী খেলার ধরন ব্যাখ্যা করতে পারবে। | • শিশুর বিভিন্ন ধরনের খেলার উল্লেখ<br>• শিশুর বিকাশে খেলার ভূমিকা<br>• ধারাবাহিকভাবে বিভিন্ন বয়সের খেলার উল্লেখ<br>• খেলা পরিচালনার সময় বিবেচ্য দিক বর্ননা<br>• আদর্শ খেলনার বৈশিষ্ট্য উল্লেখ | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. শিশুর বিভিন্ন ধরনের খেলা | ৮টি খেলার ধারণা প্রদান করেছে | ৬টি খেলার ধারণা প্রদান করেছে | ৪টি খেলার ধারণা প্রদান করেছে | ২টি খেলার ধারণা প্রদান করেছে | |
| খ. শিশুর বিকাশে খেলা | খেলার ভূমিকা ৪টি যথাযথ উপস্থাপন করেছে | খেলার ভূমিকা ৩টি উপস্থাপন করেছে | খেলার ভূমিকা ২টি উপস্থাপন করেছে | খেলার ভূমিকা ১টি উপস্থাপন করেছে | |
| গ. বিভিন্ন বয়সের খেলা | ধারাবাহিকভাবে ৪টি বয়সের খেলার বিবরণ দিয়েছে | ধারাবাহিকভাবে ৩টি বয়সের খেলার বিবরণ দিয়েছে | ধারাবাহিকভাবে ২টি বয়সের খেলার বিবরণ দিয়েছে | ধারাবাহিকভাবে ১টি বয়সের খেলার বিবরণ দিয়েছে | |
| ঘ.খেলা পরিচালনার সময় বিবেচ্য | কমপক্ষে ৮টি বিবেচ্য বিষয় লিখেছে | কমপক্ষে ৬টি বিবেচ্য বিষয় লিখেছে | কমপক্ষে ৪টি বিবেচ্য বিষয় লিখেছে | কমপক্ষে ২টি বিবেচ্য বিষয় লিখেছে | |
| ঙ.আদর্শ খেলনার বৈশিষ্ট্য | আদর্শ খেলনার ৭টি বৈশিষ্ট্য লিখেছে | আদর্শ খেলনার ৫টি বৈশিষ্ট্য লিখেছে | আদর্শ খেলনার ৩টি বৈশিষ্ট্য লিখেছে | আদর্শ খেলনার ১টি বৈশিষ্ট্য লিখেছে | |
| | | | | | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: লঘুসংগীত | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২১৭ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>দ্বিতীয়: অধ্যায় বাদ্যযন্ত্র পরিচিতি | দেশীয় লোকবাদ্যযন্ত্র পরিচিতি | • নানা ধরনের দেশীয় লোকবাদ্যযন্ত্র সম্পর্কে ধারণা লাভ করতে পারবে<br>• দেশীয় লোকবাদ্যযন্ত্রের চিত্র অংকন ও বিভিন্ন অংশ সম্পর্কে ধারণা লাভ করবে | • বাদ্যযন্ত্রেও শ্রেণিকরণ<br>• খোল ও ঢোলের সচিত্র পরিচিতি<br>• তত জাতীয় বাদ্যযন্ত্রের (দোতারা, একতারা) সচিত্র পরিচিতি ও বিভিন্ন অংশ চিহ্নিতকরণ<br>• বাদ্যযন্ত্রে ব্যবহৃত বিভিন্ন উপাদানের পরিচিতি | | |

| নির্দেশক | সক্ষমতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. উদাহরণ সহকারে বাদ্যযন্ত্রের শ্রেণিকরণ | বাদ্যযন্ত্রের শ্রেণিকরণ যথাযথভাবে করা হয়েছে | বাদ্যযন্ত্রের শ্রেণিকরণ অধিকাংশটাই ঠিকভাবে করা হয়েছে | বাদ্যযন্ত্রের শ্রেণিকরণ আংশিকভাবে করা হয়েছে | বাদ্যযন্ত্রের শ্রেণিকরণে ত্রুটি রয়েছে | |
| খ. খোল ও ঢোলের সচিত্র পরিচিতি | খোল ও ঢোল দু'টোরই সচিত্র পরিচিতি যথাযথভাবে বর্ণনা করেছে | খোল ও ঢোল দু'টোরই চিত্র ছাড়া পরিচিতি যথাযথভাবে বর্ণনা করেছে | ১টি বাদ্যযন্ত্রের সচিত্র পরিচিতি বর্ণনা করেছে | ১টি বাদ্যযন্ত্রের চিত্র ছাড়া পরিচিতি বর্ণনা করেছে | |
| গ. দোতারা ও একতারা'র সচিত্র পরিচিতি এবং বিভিন্ন অংশ চিহ্নিতকরণ | দোতরা ও একতারা দু'টোরই সচিত্র পরিচিতি যথাযথভাবে বর্ণনা করেছে | দোতরা ও একতারা দু'টোরই চিত্র ছাড়া পরিচিতি যথাযথভাবে বর্ণনা করেছে | ১টি বাদ্যযন্ত্রের সচিত্র পরিচিতি বর্ণনা করেছে | ১টি বাদ্যযন্ত্রের চিত্র ছাড়া পরিচিতি বর্ণনা করেছে | |
| ঘ. বাদ্যযন্ত্রে ব্যবহৃত বিভিন্ন উপাদানের পরিচিতি | বাদ্যযন্ত্রে ব্যবহৃত ৪টি উপাদানের পরিচিতি লিখেছে | বাদ্যযন্ত্রে ব্যবহৃত ৩টি উপাদানের পরিচিতি লিখেছে | বাদ্যযন্ত্রে ব্যবহৃত ২টি উপাদানের পরিচিতি লিখেছে | বাদ্যযন্ত্রে ব্যবহৃত ১টি উপাদানের পরিচিতি লিখেছে | |
| | | | | মোট | |


অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীববিজ্ঞান     পত্র: দ্বিতীয়     বিষয় কোড: ১৭৯     স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল / বিষয়বস্তু</th><th>নির্দেশনা<br>(সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>৪<br><br>দ্বিতীয় অধ্যায়: প্রাণীর পরিচিতি</td>
<td>রুই/টাকি বা অনুরূপ মাছের বাহ্যিক গঠন পর্যবেক্ষণ</td>
<td>• রুই মাছের গঠন বর্ণনা করতে পারবে।</td>
<td>• প্রয়োজনীয় উপকরণ: একটি রুই/টাকি মাছ (না পাওয়া গেলে যেকোনো মাছ), স্কেল/ রুলার/ পরিমাপের ফিতা (সেন্টিমিটারে মাপার উপযুক্ত)। প্রয়োজনে সুতা দিয়ে মেপে স্কেলে বসিয়ে মাপ নিতে হবে। দৈর্ঘ্য-প্রস্থের যাবতীয় পরিমাপ সেন্টিমিটার এককে হবে।<br>• অ্যাসাইনমেন্টের জন্য একটি এ-ফোর বা অনুরূপ আকারের কাগজে দুটি ছক তৈরি করতে হবে (পরের পৃষ্ঠা দ্রষ্টব্য)।<br>• মাছের দেহের আকার পরিমাপের সময় সর্বোচ্চ দৈর্ঘ্য হিসেবে মুখ থেকে লেজের শেষ প্রান্ত পর্যন্ত মাপ নিতে হবে। সর্বোচ্চ প্রস্থ হিসেবে দেহকান্ডের যে অংশটি বক্ষ থেকে পৃষ্ঠের দিকে সবচেয়ে বিস্তৃত সেই অংশের মাপ নিতে হবে। পাখনা বাদে এই মাপটি নিতে হবে।<br>• অন্যান্য অংশগুলোর ক্ষেত্রেও নির্দেশনা অনুসারে মাপ নিয়ে ছকে লিখতে হবে। পার্শ্বরেখা এবং কয়েকটি দূরত্বের ক্ষেত্রে কেবল দৈর্ঘ্য উল্লেখ করাই যথেষ্ট। পাখনাসমূহের ক্ষেত্রে সর্বোচ্চ দৈর্ঘ্য ও সর্বোচ্চ প্রস্থ উল্লেখ করতে হবে।<br>• পৃষ্ঠদেশ থেকে একটি ও বক্ষদেশ থেকে একটি - মোট দুটি আঁইশ সংগ্রহ করে শুকিয়ে নিতে হবে। তারপর ছক-১ এর নির্ধারিত ঘরে (১-৪ ও ১-৫) তা বসিয়ে কলম দিয়ে আউটলাইন আঁকতে হবে। অতঃপর আঁইশ দুটির প্রতিটির উল্লম্ব ও অনুভূমিক অক্ষ বরাবর উপরের চিত্রের মতো করে দৈর্ঘ্য ও প্রস্থ উল্লেখ করতে হবে। চিত্রের ?? এর স্থলে সংখ্যা বসবে।<br><br></td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা / নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক. ছক-১ (বাহ্যিক গঠন) এ ১-১ এবং ১-২ এর মোট ৯ টি পরিমাপ করা</td><td>নয়টি ঘরের মধ্যে অন্তত ৮ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>নয়টি ঘরের মধ্যে ৬-৭ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>নয়টি ঘরের মধ্যে ৩-৫ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>নয়টি ঘরের মধ্যে ১-২ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td></td></tr>
<tr><td>খ. ছক-১ (বাহ্যিক গঠন) এ ১-৩ এর মোট ৮ টি পরিমাপ করা</td><td>আটটি ঘরের প্রতিটি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>আটটি ঘরের মধ্যে ৬-৭ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>আটটি ঘরের মধ্যে ৩-৫ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td>আটটি ঘরের মধ্যে ১-২ টি গ্রহণযোগ্যভাবে পূরণ করতে পারা</td><td></td></tr>
<tr><td>গ. ছক-১ এর আঁইশের দুটি নমুনা স্থাপন ও পরিমাপ করা (১-৪ ও ১-৫)</td><td>দুটি নমুনা গ্রহণযোগ্যভাবে স্থাপন ও পরিমাপ উল্লেখ করতে পারা</td><td>দুটি নমুনা গ্রহণযোগ্যভাবে স্থাপন করতে পারা তবে একটির পরিমাপ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>দুটি নমুনার একটি গ্রহণযোগ্যভাবে স্থাপন করতে পারা তবে একটির পরিমাপ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>দুটি নমুনার একটি গ্রহণযোগ্যভাবে স্থাপন করতে পারা</td><td></td></tr>
<tr><td colspan="5" align="right">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১২</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ৫ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

## অ্যাসাইনমেন্টের ছক:

ছক-১: বাহ্যিক গঠন

| ১-১: মাথার অংশ | সর্বোচ্চ দৈর্ঘ্য (সেমি) | সর্বোচ্চ প্রস্থ (সেমি) |
|---|---|---|
| • মাছের দেহ | | |
| • চোখ | | |
| • কানকো | | |

| ১-২: মাথা ও পার্শ্বরেখা | দৈর্ঘ্য (সেমি) |
|---|---|
| • যেকোনো একপাশের পার্শ্বরেখা | |
| • যেকোনো একপাশের নাসাছিদ্র হতে সেই পাশের চোখের দূরত্ব | |
| • যেকোনো একপাশের নাসাছিদ্র হতে সেই পাশে মুখের দূরত্ব | |

| ১-৩: পাখনা | সর্বোচ্চ দৈর্ঘ্য (সেমি) | সর্বোচ্চ প্রস্থ (সেমি) |
|---|---|---|
| • পৃষ্ঠ পাখনা | | |
| • পুচ্ছ পাখনা | | |
| • যেকোনো একপাশের বক্ষ পাখনা | | |
| • যেকোনো একপাশের শ্রোণী পাখনা | | |

| ১-৪: পৃষ্ঠদেশীয় আঁইশের একটি নমুনা (সেমি এককে পরিমাপসহ) | ১-৫: বক্ষদেশীয় আঁইশের একটি নমুনা (সেমি এককে পরিমাপসহ) |
|---|---|
| | |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: উচ্চতর গণিত    পত্র: দ্বিতীয়    কোড: ২৬৬    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নির্দেশনা | নম্বর | |
| ০৪<br><br>অধ্যায়-৭ (বিপরীত ত্রিকোণমিতিক ফাংশন ও ত্রিকোণমিতিক সমীকরণ ) | ত্রিকোণমিতিক ফাংশন ও সমীকরণ সংক্রান্ত সমস্যা সমাধান:<br><br>$f(x) = \sin x$ এবং $g(x) = \tan^{-1} x$ | ● ত্রিকোণমিতিক ফাংশনের বিপরীত অন্বয় ব্যাখ্যা করতে পারবে এবং এর মূখ্য মান নির্ণয় করতে পারবে।<br>● ত্রিকোণমিতিক সমীকরণের সাধারণ সমাধান নির্ণয় করতে পারবে।<br>● নির্দিষ্ট ব্যবধিতে ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান নির্ণয় করতে পারবে। | ক) **দেখাও যে,** $sec^2(g(5)) + cosec^2\left(g\left(\frac{1}{2}\right)\right) = 31$ | ক) | • প্রমাণ | ০২ | |
| | | | | | • ফাংশনের মান বসানো | ০১ | |
| | | | খ) $f^{-1}(x) - cos^{-1}y = \frac{\pi}{6}$ হলে প্রমাণ কর যে, $4(x^2 + y^2 - xy) = 3$<br>($\sin^{-1} x + \cos^{-1} x = \frac{\pi}{2}$ সূত্র ব্যবহার করবে অথবা অন্য কোন যৌক্তিক উপায়ে ত্রিকোণমিতিক ফাংশন অপসারণ করবে) | খ) | • প্রমাণ | ০৩ | |
| | | | | | • ত্রিকোণমিতিক ফাংশন অপসারণ | ০২ | |
| | | | | | • ফাংশনের মান বসানো | ০১ | |
| | | | গ) $f(\pi cos\theta) = f\left(\frac{\pi}{2} \pm \pi sin\theta\right)$ হলে দেখাও যে, $4\theta \pm \pi = 4\sec^{-1}(2\sqrt{2})$ | গ) | • প্রমাণ | ০৩ | |
| | | | | | • $sine$ অপসারণ | ০২ | |
| | | | | | • ফাংশনের মান বসানো | ০১ | |
| | | | ঘ) সমাধান কর: $\frac{1}{f(2x)} - \frac{\sqrt{3}}{f\left(\frac{\pi}{2} - 2x\right)} = 4$ | ঘ) | • সাধারণ সমাধান নির্ণয় | ০৪ | |
| | | | | | • সূত্র প্রয়োগ | ০৩ | |
| | | | | | • ত্রিকোণমিতিক ভগ্নাংশ দূরীকরণ | ০২ | |
| | | | | | • ফাংশনের মান বসানো | ০১ | |
| | | | ঙ) $0 < \theta < 2\pi$ ব্যবধিতে $1 + f\left(\frac{\pi}{2} - \theta\right) + f\left(\frac{\pi}{2} - 2\theta\right) = 0$ সমীকরণটি সমাধান কর। | ঙ) | • ব্যবধিতে সমাধান নির্ণয় | ০৪ | |
| | | | | | • সাধারণ সমাধান নির্ণয় | ০৩ | |
| | | | | | • সূত্র প্রয়োগ | ০২ | |
| | | | | | • ফাংশনের মান বসানো | ০১ | |
| | | | | | মোট নম্বর | | |

বরাদ্দকৃত নম্বর- ১৬

| ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩- ১৬ | অতি উত্তম |
| ১১ - ১২ | উত্তম |
| ০৮ - ১০ | ভালো |
| ০০ - ০৭ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: সমাজবিজ্ঞান | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১১৮ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>চতুর্থ অধ্যায়: বাংলাদেশের নৃগোষ্ঠীর জীবনধারা | বাংলাদেশে বসবাসকারী নৃগোষ্ঠী এবং তাদের সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা | • নৃগোষ্ঠীর ধারণা ও প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশের কয়েকটি নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় বর্ণনা করতে পারবে<br>• বাংলাদেশের কয়েকটি নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা বর্ণনা করতে পারবে | • নৃগোষ্ঠীর ধারণা ও প্রকৃতি লিখতে হবে<br>• বাংলাদেশের মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় বর্ণনা করতে হবে<br>• বাংলাদেশের মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার বিবরণ দিতে হবে<br>• বাংলাদেশের মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় বর্ণনা করতে হবে<br>• বাংলাদেশের মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার বিবরণ দিতে হবে | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. নৃগোষ্ঠীর ধারণা ও প্রকৃতি | নৃগোষ্ঠীর ধারণা এবং বাংলাদেশের ৮টি নৃগোষ্ঠীর বসবাসরত অঞ্চল /জেলার নাম উপস্থাপন | নৃগোষ্ঠীর ধারণা এবং বাংলাদেশের ৬টি নৃগোষ্ঠীর বসবাসরত অঞ্চল /জেলার নাম উপস্থাপন | নৃগোষ্ঠীর ধারণা এবং বাংলাদেশের ৪টি নৃগোষ্ঠীর বসবাসরত অঞ্চল /জেলার নাম উপস্থাপন | নৃগোষ্ঠীর ধারণা এবং বাংলাদেশের ২টি নৃগোষ্ঠীর বসবাসরত অঞ্চল /জেলার নাম উপস্থাপন | |
| খ. বাংলাদেশের মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় | মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত (পরিচয়, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যে কোনো ৩টি বিষয়ের (পরিচয়, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যে কোনো ২টি বিষয়ের (পরিচয়, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যে কোনো ১টি বিষয়ের (পরিচয়, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | |
| গ. বাংলাদেশের মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা | মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার (পরিবার, বিবাহ, অর্থনৈতিক ব্যবস্থা, খাদ্যাভ্যাস, পোশাক-পরিচ্ছদ ও ধর্ম) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার যে কোনো ৩টি বিষয়ের (পরিবার, বিবাহ, অর্থনৈতিক ব্যবস্থা, খাদ্যাভ্যাস, পোশাক-পরিচ্ছদ ও ধর্ম) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার যে কোনো ২টি বিষয়ের (পরিবার, বিবাহ, অর্থনৈতিক ব্যবস্থা, খাদ্যাভ্যাস, পোশাক-পরিচ্ছদ ও ধর্ম) বর্ণনা | মগ/ মারমা নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার যে কোনো ১টি বিষয়ের (পরিবার, বিবাহ, অর্থনৈতিক ব্যবস্থা, খাদ্যাভ্যাস, পোশাক-পরিচ্ছদ ও ধর্ম) বর্ণনা | |
| ঘ. বাংলাদেশের মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় | মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত (জনসংখ্যা, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যেকোনো ৩টি বিষয়ের (জনসংখ্যা, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যেকোনো ২টি বিষয়ের (জনসংখ্যা, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর উৎপত্তি ও পরিচয় সম্পর্কিত যেকোনো ১টি বিষয়ের (জনসংখ্যা, নৃগোষ্ঠীগত পরিচয়, গোত্রবিভাগ ও ভাষা) বর্ণনা | |
| ঙ. বাংলাদেশের মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা | মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারার (বিবাহ প্রথা, পরিবার, অর্থনৈতিক ব্যবস্থা, পোশাক-পরিচ্ছদ, ধর্মবিশ্বাস ও উৎসব অনুষ্ঠান) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা সম্পর্কিত যেকোনো ৪টি বিষয়ের (বিবাহ প্রথা, পরিবার, অর্থনৈতিক ব্যবস্থা, পোশাক-পরিচ্ছদ, ধর্মবিশ্বাস ও উৎসব অনুষ্ঠান) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা সম্পর্কিত যেকোনো ২টি বিষয়ের (বিবাহ প্রথা, পরিবার, অর্থনৈতিক ব্যবস্থা, পোশাক-পরিচ্ছদ, ধর্মবিশ্বাস ও উৎসব অনুষ্ঠান) বর্ণনা | মনিপুরী নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা সম্পর্কিত যেকোনো ১টি বিষয়ের (বিবাহ প্রথা, পরিবার, অর্থনৈতিক ব্যবস্থা, পোশাক-পরিচ্ছদ, ধর্মবিশ্বাস ও উৎসব অনুষ্ঠান) বর্ণনা | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬ - ২০ | অতি উত্তম |
| ১৪ - ১৫ | উত্তম |
| ১০ - ১৩ | ভালো |
| ০০ - ০৯ | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: সমাজকর্ম　　　পত্র: দ্বিতীয়　　　বিষয় কোড: ২৭২　　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>অধ্যায়: দ্বিতীয় সমাজকর্মের শাখা | শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণ ও পাঠে মনোযোগী করার ক্ষেত্রে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা পর্যালোচনা | • বিদ্যালয় সমাজকর্মের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• বিদ্যালয় সমাজকর্মের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে<br>• শিক্ষার্থীর উন্নয়নে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা বর্ণনা করতে পারবে | • বিদ্যালয় সমাজকর্মের ধারণা<br>• বিদ্যালয় সমাজকর্মের গুরুত্ব<br>• শিক্ষার্থীর উন্নয়নে- (পাঠে মনোযোগী ও নিয়মিতকরণ) বিদ্যালয় সমাজকর্মী এর ভূমিকা ও কাজ (শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকদের সাথে) | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) বিদ্যালয় সমাজকর্মের ধারণা | বিদ্যালয় সমাজকর্মের ধারণা সম্পর্কে সুস্পষ্টভাবে লিখেছে | বিদ্যালয় সমাজকর্মের ধারণা সম্পর্কে অধিকাংশ লিখেছে | বিদ্যালয় সমাজকর্মের ধারণা সম্পর্কে আংশিক লিখেছে | বিদ্যালয় সমাজকর্মের ধারণা সম্পর্কে অস্পষ্টভাবে লিখেছে | |
| খ) বিদ্যালয় সমাজকর্মের ৫টি গুরুত্ব | বিদ্যালয় সমাজকর্মের ৫টি গুরুত্ব যথাযথভাবে বর্ণনা করেছে | বিদ্যালয় সমাজকর্মের ৪টি গুরুত্ব বর্ণনা করেছে | বিদ্যালয় সমাজকর্মের ৩টি গুরুত্ব বর্ণনা করেছে | বিদ্যালয় সমাজকর্মের ২/১টি গুরুত্ব বর্ণনা করেছে | |
| গ) শিক্ষার্থীদের পাঠে মনোযোগীকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা | শিক্ষার্থীদের পাঠে মনোযোগীকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা সম্পর্কে যথাযথভাবে লিখেছে | শিক্ষার্থীদের পাঠে মনোযোগীকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা সম্পর্কে অধিকাংশ লিখেছে | শিক্ষার্থীদের পাঠে মনোযোগীকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা সম্পর্কে আংশিক লিখেছে | শিক্ষার্থীদের পাঠে মনোযোগীকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা সম্পর্কে অস্পষ্টভাবে লিখেছে | |
| ঘ) শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা | শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা যথাযথভাবে লিখেছে | শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা অধিকাংশ লিখেছে | শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা আংশিক লিখেছে | শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিতকরণে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা অস্পষ্টভাবে লিখেছে | |
| ঙ) শিক্ষক ও অভিভাবকের সাথে সমাজকর্মীর করণীয় | শিক্ষক ও অভিভাবকের সাথে সমাজকর্মীর কাজ সুস্পষ্টভাবে লিখেছে | শিক্ষক ও অভিভাবকের সাথে সমাজকর্মীর কাজ অধিকাংশ লিখেছে | শিক্ষক ও অভিভাবকের সাথে সমাজকর্মীর কাজ আংশিক লিখেছে | শিক্ষক ও অভিভাবকের সাথে সমাজকর্মীর কাজ অস্পষ্টভাবে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ভূগোল | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১২৬ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br>দ্বিতীয় অধ্যায় জনসংখ্যা | বাংলাদেশে জনসংখ্যার আধিক্য এবং বিভিন্ন ক্ষেত্রে প্রভাব বিশ্লেষণ | • ঘনত্বের ভিত্তিতে বাংলাদেশের জনসংখ্যার বন্টন ও বন্টনের কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>• বাংলাদেশে জনসংখ্যার দ্রুত বৃদ্ধি, বাসস্থান, আবাদজমি, খাদ্যশস্য ও যাতায়াত ব্যবস্থার উপর কিভাবে প্রভাব ফেলে তা বিশ্লেষণ করতে পারবে।<br>• প্রাকৃতিক সম্পদ, জনসংখ্যার মধ্যে সম্পর্ক এবং কাম্য জনসংখ্যা বর্ননা করতে পারবে। | • ঘনত্বের ভিত্তিতে বাংলাদেশের জনসংখ্যার বন্টন ও কারণ ব্যাখ্যা<br>• বাংলাদেশে জনসংখ্যার দ্রুত বৃদ্ধির প্রভাব<br>• প্রাকৃতিক সম্পদ ও জনসংখ্যার মধ্যে সম্পর্ক | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক.জনবসতি অঞ্চল চিহ্নিতকরণ | বাংলাদেশের মানচিত্রে ৩টি জনবসতি অঞ্চলের ঘনত্ব উল্লেখপূর্বক চিহ্নিত করলে | বাংলাদেশের মানচিত্রে ৩টি জনবসতি অঞ্চল চিহ্নিত করলে | বাংলাদেশের মানচিত্রে ২টি জনবসতি অঞ্চল চিহ্নিত করলে | বাংলাদেশের মানচিত্রে ১টি জনবসতি অঞ্চল চিহ্নিত করলে | |
| খ.অঞ্চল ভিত্তিক জনসংখ্যার বন্টনের কারণ | ৩টি জনবসতি অঞ্চলের জনসংখ্যা বন্টনের ৫টি কারণ উল্লেখ করলে | ৩টি জনবসতি অঞ্চলের জনসংখ্যা বন্টনের ৩টি কারণ উল্লেখ করলে | ২টি জনবসতি অঞ্চলের জনসংখ্যা বন্টনের ২টি কারণ উল্লেখ করলে | ১টি জনবসতি অঞ্চলের জনসংখ্যা বন্টনের ১টি কারণ উল্লেখ করলে | |
| গ.বাংলাদেশে জনসংখ্যার দ্রুত বৃদ্ধির প্রভাব | বাংলাদেশের ৫টি ক্ষেত্রে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বর্ণনাকরণ | বাংলাদেশের ৪টি ক্ষেত্রে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বর্ণনাকরণ | বাংলাদেশের ৩টি ক্ষেত্রে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বর্ণনাকরণ | বাংলাদেশের ২টি ক্ষেত্রে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বর্ণনাকরণ | |
| ঘ.প্রাকৃতিক সম্পদ ও জনসংখ্যার মধ্যে সম্পর্ক | বাংলাদেশের ৪টি প্রাকৃতিক সম্পদের সাথে জনসংখ্যার সম্পর্ক নির্ণয় করলে | বাংলাদেশের ৩টি প্রাকৃতিক সম্পদের সাথে জনসংখ্যার সম্পর্ক নির্ণয় করলে | বাংলাদেশের ২টি প্রাকৃতিক সম্পদের সাথে জনসংখ্যার সম্পর্ক নির্ণয় করলে | বাংলাদেশের ১টি প্রাকৃতিক সম্পদের সাথে জনসংখ্যার সম্পর্ক নির্ণয় করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর= ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩ – ১৬ | অতি উত্তম |
| ১১ – ১২ | উত্তম |
| ৮ – ১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা    পত্র: দ্বিতীয়    বিষয় কোড: ২৯৩    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুবিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>দ্বিতীয় অধ্যায়: কেন্দ্রীয় ব্যাংক | দেশের অর্থনৈতিক উন্নয়ন, মুদ্রা বাজার নিয়ন্ত্রণ এবং আন্তঃব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তিতে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা নিরূপণ | • কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ও কার্যাবলি ব্যাখ্যা করতে পারবে।<br>• কেন্দ্রীয় ব্যাংক এর আওতা ব্যাখ্যা করতে পারবে।<br>• অর্থ বাজার নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি বিশ্লেষণ করতে পারবে।<br>• নিকাশ ঘরের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | দেশের অর্থনৈতিক উন্নয়ন, মুদ্রা বাজার নিয়ন্ত্রণ এবং আন্তঃব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তিতে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা নিরূপণে-<br>• কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ব্যাখ্যা করতে হবে<br>• কেন্দ্রীয় ব্যাংকের আওতা বর্ণনা করতে হবে।<br>• কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি বর্ণনা করতে হবে।<br>• অর্থ বাজার নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে হবে।<br>• নিকাশ ঘরের গুরুত্ব ব্যাখ্যা করতে হবে। | (নিচের রুবিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. কেন্দ্রীয় ব্যাংকের ধারণা | ৩টি উদাহরণসহ কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ব্যাখ্যা করলে | ১টি উদাহরণসহ কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ধারণা ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ন্যূনতম ধারণা ব্যাখ্যা করলে | |
| খ. কেন্দ্রীয় ব্যাংকের আওতা | কেন্দ্রীয় ব্যাংকের চারটি আওতা ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের তিনটি আওতা ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের দুটি আওতা ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের একটি আওতা ব্যাখ্যা করলে | |
| গ.কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কার্যাবলি | কেন্দ্রীয় ব্যাংকের ৪টি সাধারণ কার্যাবলি বর্ণনা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ৩টি সাধারণ কার্যাবলি বর্ণনা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ২টি সাধারণ কার্যাবলি বর্ণনা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ১টি সাধারণ কার্যাবলি বর্ণনা করলে | |
| ঘ. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি | কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে তিনটি সংখ্যাত্মক এবং ১টি গুণগত পদ্ধতির ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে তিনটি সংখ্যাত্মক পদ্ধতির ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে দুটি সংখ্যাত্মক পদ্ধতির ব্যাখ্যা করলে | কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে একটি সংখ্যাত্মক পদ্ধতির ব্যাখ্যা করলে | |
| ঙ. নিকাশ ঘরের গুরুত্ব | নিকাশ ঘরের ৪টি গুরুত্ব বর্ণনা করলে | নিকাশ ঘরের ৩টি গুরুত্ব বর্ণনা করলে | নিকাশ ঘরের ২টি গুরুত্ব বর্ণনা করলে | নিকাশ ঘরের ১টি গুরুত্ব বর্ণনা করলে | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | পত্র : দ্বিতীয় | বিষয় কোড : ২৮৭ | স্তর : এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>তৃতীয় অধ্যায়: বিপণন কার্যাবলি | বিপণন কার্যাবলি বিশ্লেষণ | ১. বিপণন কার্যাবলির ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>২. ক্রয় ও বিক্রয়ের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে;<br>৩. পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও সুবিধা ব্যাখ্যা করতে পারবে;<br>৪. প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও সুবিধা ব্যাখ্যা করতে পারবে;<br>৫. মোড়কিকরণের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে; | • বিপণন কার্যাবলির ধারণা ব্যাখ্যা করতে হবে।<br>• ক্রয় ও বিক্রয়ের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে হবে।<br>• পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও সুবিধা ব্যাখ্যা করতে হবে।<br>• প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও সুবিধা ব্যাখ্যা করতে হবে।<br>• মোড়কিকরণের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে হবে। | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. বিপণন কার্যাবলির ধারণা | বিপণন কার্যাবলির ধারণা যথাযথভাবে লিখলে | বিপণন কার্যাবলির ধারণার অধিকাংশ যথাযথভাবে লিখলে | বিপণন কার্যাবলির ধারণা আংশিক যথাযথভাবে লিখলে | শুধু বিপণন কার্যাবলির ধারণা লিখলে | |
| খ. ক্রয় ও বিক্রয়ের ধারণা ও গুরুত্ব | ক্রয় ও বিক্রয়ের ধারণা ও ৫টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | ক্রয় ও বিক্রয়ের ধারণা ও ৪টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | ক্রয় ও বিক্রয়ের ধারণা ও ৩টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে করলে | ক্রয় ও বিক্রয়ের ধারণা ও ১/২টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | |
| গ. পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও সুবিধা | পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও ৫টি করে সুবিধা যথাযথভাবে লিখলে | পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও ৪টি করে সুবিধা যথাযথভাবে লিখলে | পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও ৩টি করে সুবিধা যথাযথভাবে লিখলে করলে | পরিবহন ও গুদামজাতকরণের ধারণা ও ১/২টি করে সুবিধা যথাযথভাবে লিখলে | |
| ঘ. প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও সুবিধা | প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও ৫টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও ৪টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও ৩টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে করলে | প্রমিতকরণ ও পর্যায়িতকরণের ধারণা ও ১/২টি করে গুরুত্ব যথাযথভাবে লিখলে | |
| ঙ. মোড়কিকরণের ধারণা ও গুরুত্ব | মোড়কিকরণের ধারণা ও ৮টি গুরুত্ব যথাযথভাবে লিখলে | মোড়কিকরণের ধারণা ও ৬/৭টি গুরুত্ব যথাযথভাবে লিখলে | মোড়কিকরণের ধারণা ও ৪/৫টি গুরুত্ব যথাযথাভাবে লিখলে | শুধু মোড়কিকরণের ধারণা ও ২/৩টি গুরুত্ব লিখলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ= ৭০%-৭৯% সঠিক, এবং আংশিক= ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: আরবি | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১৩৪ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪<br><br>পদ্য (النظم) শাবাবুল ইসলাম | শাবাবুল ইসলাম কবিতার আলোকে তারুণ্যের শক্তিকে যথাযথভাবে ব্যবহার করার প্রতি উৎসাহিতকরণ | আধুনিক আরবি বুঝতে, বলতে, পড়তে ও লিখতে পারবে; | ملكنا هذه الدنيا قرونا **<br>و أخضعها جدود خالدونا<br>و سطرنا صحائف من ضياء **<br>فما نسي الزمان ولا نسينا<br>حملناها سيوفا لامعات **<br>غداة الروع تأبى أن تلينا<br>إذا خرجت من الأغماد يوما<br>** رأيت الهول و الفتح المبينا<br>• প্রদত্ত কবিতার অনুবাদ<br>• প্রদত্ত কবিতার সারমর্ম<br>• কবিতার শিক্ষা<br>• প্রদত্ত কবিতায় যুবকদের অনুপ্রেরণার দিকগুলো | (রুব্রিক্স নিচে) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. প্রদত্ত কবিতার অনুবাদ | সঠিক বানানসহ কবিতার ৪ ছত্রের অনুবাদ লিখলে | সঠিক বানানসহ কবিতার ৩ ছত্রের অনুবাদ লিখলে | কবিতার ২ ছত্রের অনুবাদ লিখলে | কবিতার ১ ছত্রের অনুবাদ লিখলে | |
| খ. প্রদত্ত কবিতার সারমর্ম | কবিতার সারমর্ম যথাযথভাবে লিখলে | অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে লিখলে | আংশিকক্ষেত্রে যথাযথভাবে লিখলে | কবিতার সারমর্ম অপর্যাপ্ত লিখলে | |
| গ. প্রদত্ত কবিতার শিক্ষা | ৮ টি লিখলে | ৬/৭ টি লিখলে | ৪/৫ টি লিখলে | ২/৩ টি লিখলে | |
| ঘ. প্রদত্ত কবিতায় যুবকদের অনুপ্রেরণার দিকগুলো | কবিতা থেকে যুবকদের অনুপ্রেরণা ৮ টি লিখলে | কবিতা থেকে যুবকদের অনুপ্রেরণা ৬/৭ টি লিখলে | কবিতা থেকে যুবকদের অনুপ্রেরণা ৪/৫ টি লিখলে | কবিতা থেকে যুবকদের অনুপ্রেরণা ২/৩ টি লিখলে | |
| | | | | মোট প্রাপ্ত নম্বর | |

অ্যাসাইনমেন্ট এর জন্য বরাদ্দকৃত মোট নম্বর ১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ২৮৩　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর | |
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | | |
| ০৪<br>দ্বিতীয় অধ্যায়: পারিবারিক জীবনচক্র ও বিকাশমূলক কাজ | পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে ব্যাখ্যা। | • পারিবারিক জীবনক্রের ধাপ বর্ণনা করতে পারবে।<br>• বিকাশমূলক কার্যক্রমের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম বিশ্লেষণ করতে পারবে।<br>• পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন করতে পারবে। | • পারিবারিক জীবনচক্রের ধাপ বর্ণনা।<br>• বিকাশমূলক কার্যক্রমের ধারণা ব্যাখ্যা<br>• অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম বিশ্লেষণ<br>• পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে ব্যাখ্যা<br>• পাঠ্যপুস্তক, অন্যান্য সহায়ক গ্রন্থ, শ্রেণি শিক্ষক ও অভিভাবকের সহায়তা গ্রহণ।<br>• ইন্টরনেট, ওয়েবসাইট এবং মুঠোফোনের মাধ্যমে তথ্য সংগ্রহ।<br>• নিজের বাস্তব অভিজ্ঞতা | ক পারিবারিক জীবনচক্রের ধাপ বর্ণনা। | পারিবারিক জীবনচক্রের ধাপসমূহ ধারাবাহিকতা রক্ষা করে লিখেছে। | পারিবারিক জীবনচক্রের ধাপসমূহ অধিকাংশক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করে লিখেছে। | পারিবারিক জীবনচক্রের ধাপসমূহ আংশিকক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করে লিখেছে। | পারিবারিক জীবনচক্রের ধাপসমূহ লেখা যথাযথ হয়নি। | | |
| | | | | খ বিকাশমূলক কার্যক্রমের ধারণা ব্যাখ্যা | বিকাশমূলক কার্যক্রমের ধারণা যথাযথভাবে লিখেছে। | বিকাশমূলক কার্যক্রমের ধারণা অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে লিখেছে। | বিকাশমূলক কার্যক্রমের ধারণা আংশিকক্ষেত্রে যথাযথভাবে লিখেছে। | বিকাশমূলক কার্যক্রমের ধারণা যথাযথ হয়নি। | | |
| | | | | গ অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম বিশ্লেষণ | অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম যথাযথভাবে বিশ্লেষণ করেছে। | অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে বিশ্লেষণ করেছে। | অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম আংশিকক্ষেত্রে যথাযথভাবে বিশ্লেষণ করেছে। | অবসর জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম লিখেছে। বিষয়বস্তু সম্পর্কে ধারণা স্পষ্ট না। | | |
| | | | | ঘ পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে ব্যাখ্যা | পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে সৃজনশীলতা দিয়ে লিখেছে। | পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে কম সৃজনশীলভাবে লিখেছে। | পারিবারিক জীবনে যে কোন পরিস্থিতিতে নিজেকে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন সম্পর্কে লেখায় সৃজনশীলতা ছিল না। | পারিবারিক জীবনে পরিবারের বৈশিষ্ট্য ও বিকাশমূলক কার্যক্রম লিখেছে। তবে লেখা যথাযথ হয়নি। | | |
| | | | | অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০<br>বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯% | | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৮২ তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

বিষয়: **২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত ৬ষ্ঠ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান।**

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.২ তারিখ : ২৬ জুলাই ২০২১
২. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০.১৩; তারিখ : ১৩ জুন ২০২১
৩. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৯৯১; তারিখ : ২৩ জুন ২০২১
৪. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.১১২১; তারিখ : ২৬ জুলাই ২০২১ খ্রি.
৫. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪ তারিখ : ০৯ আগস্ট ২০২১
৬. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৬৮ তারিখ : ১৭.০৮.২০২১
৭. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৭০ তারিখ : ২৩.০৮.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের মধ্যে ৬ষ্ঠ সপ্তাহের জন্য গুচ্ছ-১ এর পদার্থবিজ্ঞান/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/লঘু সংগীত ও গুচ্ছ-২ এর জীববিজ্ঞান/উচ্চতর গণিত/সমাজবিজ্ঞান/সমাজকর্ম/ভূগোল/ফিন্যান্স,ব্যাংকি ও বিমা/উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/আরবি/গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন বিষয়ের ১৬টি অ্যাসাইনমেন্ট অঞ্চলের পরিচালক বরাবর প্রেরণ করা হলো। এ কার্যক্রম ৩১-০৮-২০২১ খ্রি. থেকে শুরু হবে।

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্টসমূহ প্রদান ও গ্রহণের ক্ষেত্রে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথ অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি :
১. অ্যাসাইনমেন্ট গ্রীড
২. অ্যাসাইনমেন্টসমূহ(৬ষ্ঠ সপ্তাহের জন্য ১৬টি)

৩১-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৮২/১(১৬)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা
২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কমিল্লা
৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
১১) পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২) অধ্যক্ষ(সকল), সরকারি কলেজ
১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা
১৪) অধক্ষ(সকল), বেসরকারি কলেজ
১৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই্এমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা(পত্র এবং অ্যাসাইনমেন্ট মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬) সংরক্ষণ নথি।

৩১-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক